

সভাপতি : জনাব শামীমা আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
তারিখ : ১৫/০৬/২০২২ খ্রিঃ  
সময় : ১১.০০ ঘটিকায়

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতপর সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে কমিটির সদস্য সচিব সামাজিক বনায়ন সম্পর্কে আলোকপাত করেন। তিনি জানান যে, সামাজিক বনায়ন কার্যক্রমের আওতায় বর্তমানে চারা উৎপাদন, জনসাধারণের মধ্যে বিক্রয়/বিতরণ, রাস্তার ধারে বাগান সৃজন, বিনামূল্যে বিভিন্ন প্রতিষ্ঠানে ও ব্যক্তি পর্যায়ে চারা বিতরণ এবং বাগান সৃজন ও নার্সারী উত্তোলনে দক্ষতা বৃদ্ধির জন্য স্থানীয় জনগনকে প্রশিক্ষণ প্রদান ও উদ্বুদ্ধ করণ ইত্যাদি কার্যক্রম চলমান আছে।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	বাগান সৃজন	তিনি জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বৎসরে ১০০০০ টি চারা উত্তোলনের কাজ সম্পন্ন করা হয়েছে। উত্তোলিত চারা জনসাধারণের মাঝে ৫ টাকা মূল্যে বিক্রয় কার্যক্রম চলিতেছে।	স্বল্পমূলে জনসাধারণের মাঝে বিতরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন কর্মকর্তা। ব্রাহ্মণবাড়িয়া সদর।
২	বিবিধ	বন কর্মকর্তা আর জানান যে, আগামী ৫ জুন থেকে ৪ জুলাই পর্যন্ত জাতীয় বৃক্ষ রোপন অভিযান এবং ৫ জুন থেকে ১১ জুলাই পর্যন্ত বৃক্ষমেলা-২০২২ চলমান আছে। এ বছরে প্রতিপদ্য হলো বৃক্ষমেলা প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ। এ ব্যাপারে সকলের সহযোগিতা সহ বিস্তারিত আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে জাতীয় বৃক্ষ রোপন অভিযান ও বৃক্ষমেলা সফলভাবে আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(শামীমা আক্তার)

উপজেলা ভাইস চেয়ারম্যান মহিলা

ও

সভাপতি

পরিবেশ ও বন কমিটি

উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।


তারিখঃ- ১৫/০৬/২০২২ খ্রিঃ।

পত্র নং- ২২.০১.০০০০.৪২৭.২৯.০০১.১৯-

২৪

অনুলিপিঃ- সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৪। উপজেলা..... কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৬। জনাব.....।
- ৭। অফিস নথি।

  
(মোঃ শাহজাহান)

উপজেলা বন কর্মকর্তা

ও

সদস্য সচিব

পরিবেশ ও বন কমিটি

ব্রাহ্মণবাড়িয়া সদর।